তারিখ : 17 NOV 2016
পৃষ্ঠা ২ কলাম ৫

সমকাল

# হাটহাজারীতে ছাত্রলীগ নেতার হাতে অধ্যক্ষ লাঞ্ছিত

■ চট্টগ্রাম ব্যুরো ও হাটহাজারী প্রতিনিধি

এসএসসি নির্বাচনী পরীক্ষায় অকৃতকার্য শিক্ষার্থীর ফরম পূরণের আবদার না রাখায় চট্টগ্রামের হাটহাজারী গার্লস স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ আলী আহম্মদকে লাঞ্ছিত করার অভিযোগ উঠেছে ছাত্রলীগ নেতার বিরুদ্ধে। উপজেলা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক কাজী মো. শাওন মাহমুদ ও তার সহযোগীরা গতকাল বুধবার দুপুরে চট্টগ্রাম-রাঙামাটি মহাসড়কের পাশে কনক কমিউনিটি সেন্টারের সামনে তাকে লাঞ্ছিত করে। এ ঘটনায় অধ্যক্ষ দুই ছাত্রলীগ নেতাসহ কয়েকজনের বিরুদ্ধে হাটহাজারী মডেল থানায় অভিযোগ করেছেন।

এ ঘটনার প্রতিবাদে হাটহাজারী উপজেলা শিক্ষক সমিতি তাৎক্ষণিক হাটহাজারী গার্লস স্কুল অ্যান্ড কলেজে সমাবেশের আয়োজন করে। এতে উপজেলার প্রতিটি বিদ্যালয়ের প্রধান শিক্ষক উপস্থিত ছিলেন। শিক্ষক নেতৃবৃন্দ এ ঘটনার তীব্র নিন্দা জানিয়ে ২৪ ঘণ্টার মধ্যে দোষীদের আটক ও দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন।



হামলায় আহত হাটহাজারী গার্লস স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ আলী আহাম্মদ ■ সমকাল

অধ্যক্ষ আলী আহম্মদ সমকালকে জানান, ১৪ নভেম্বর দুপুরে ছাত্রলীগ নেতা শাওন সহযোগীদের নিয়ে তার অফিসে প্রবেশ করে এসএসসি নির্বাচনী পরীক্ষায় অকৃতকার্য এক শিক্ষার্থীর-ফরম পূরণের জন্য চাপ দেয়। এ সময় অপারগতা প্রকাশ করলে তারা গালমন্দ করে এবং দেখে নেওয়ার হুমকি দেয়। গতকাল দুপুর দেড়টায় কলেজ থেকে বাসে গ্রামের বাড়িতে যাওয়ার পথে পূর্বপরিকল্পিতভাবে গাড়ির গতি রোধ করে ছাত্রলীগ নেতা শাওন ও তার সহযোগীরা অধ্যক্ষকে গাড়ি থেকে নামিয়ে কিলঘুষি মেরে শরীরের বিভিন্ন স্থানে জখম করে। এক পর্যায়ে শাওন ১ লাখ ৫৫ হাজার টাকা ও একটি মোবাইল ফোনসেট ছিনিয়ে নিয়ে যায়। অভিযোগের প্রমাণ পাওয়া গেলে শাওনের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে বলে সমকালকে জানিয়েছেন হাটহাজারী উপজেলা ছাত্রলীগ সভাপতি আরিফুল ইসলাম রাসেল ও সাধারণ সম্পাদক মো. হাসান।

■ পৃষ্ঠা ৪ : কলাম ৪

## হাটহাজারীতে ছাত্রলীগ

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

এদিকে অভিযোগ প্রসঙ্গে কথা বলতে শাওন মাহমুদের মোবাইল ফোনে একাধিকবার যোগাযোগ করা হলেও তাকে পাওয়া যায়নি। হাটহাজারী উপজেলা নির্বাহী কর্মকর্তা আফছানা বিলকিস বলেন, 'এমন ঘটনা কখনও কাম্য নয়। এ ব্যাপারে পুলিশকে আইনানুগ ব্যবস্থা নিতে নির্দেশ দিয়েছি।'